গাংনীতে আবৃত্তি প্রতিযোগিতায় সাংবাদিক কন্যা স্নেহার ১ম স্থান অর্জন

মেহেরপুরের গাংনীতে অনুষ্ঠিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় কবিতা আবৃত্তিতে প্রথম স্থান অধিকার করেছে বি আর লাইসিয়াস স্কুল এন্ড কলেজের সপ্তম শ্রেণীর ছাত্রী নুরে জান্নাত স্নেহা। স্নেহা গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেলের কন্যা।

আজ বুধবার সকাল ১০ টায় গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে আয়োজিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন স্কুল কয়েকটি বিভাগে বিভক্ত হয়ে এ প্রতিযোগিতায় অংশ নেয়।

প্রতিযোগিতায় খ বিভাগ থেকে অংশগ্রহণ করে স্নেহা। উপজেলার বিভিন্ন বিদ্যালয় থেকে আসা অসংখ্য আবৃত্তি প্রতিযোগীদের মধ্যে স্নেহা প্রথম স্থান অর্জন করে।

প্রতিযোগিতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা এবং আল মাসুম।

এছাড়াও গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু প্রতিযোগীতার স্থান পরিদর্শন করেন এবং দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

উপজেলা পর্যায়ে বিজিত প্রতিযোগীরা পরবর্তীতে জেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।